

**ডাঃ বিঃ বাস ঢাকার বাইরে নেয়ার দাবী**

**ভিসির রুমের দরজা ও  
আসবাবপত্র ভাঙচুর**

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাসে করে ময়মনসিংহে গিয়ে খেলা দেখার ঘটনাকে কেন্দ্র করে উচ্ছৃঙ্খল ছাত্ররা গতকাল ভিসির রুমের দরজা ও আসবাবপত্র ভাঙচুর করে।

ময়মনসিংহে ফুটবল খেলা দেখার উদ্দেশ্যে গতকাল সকাল ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছুসংখ্যক ছাত্র ভিসির নিকট বিশ্ববিদ্যালয়ের বাস দাবী করে। ভিসি বিশ্ববিদ্যালয়ের কোন

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

**ডাঃ বিঃ বাস**

প্রথম পৃষ্ঠার পর

বাস বাইরে নিয়ে যাওয়ার কোন বিধান না থাকার কথা এবং প্রয়োজনে বাইরের বাস ভাড়া করে দেয়া যেতে পারে বলে ছাত্রদেরকে জানান। এ পর্যায়ে ৩টি বাস ভাড়া করে দেয়ার পরও উচ্ছৃঙ্খল ছাত্ররা নিবৃত্ত হয়নি। বেলা ১১টার দিকে ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাসে ময়মনসিংহে যাওয়ার দাবী করতে থাকে। এক পর্যায়ে ছাত্ররা উচ্ছৃঙ্খলভাবে ভিসির রুমের টুকে অফিসের দরজা ও অফিস কক্ষের শো কেসের কাঁচ ভাঙচুর করে। পরবর্তীতে ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের ১২টি বাস ও ভাড়া করা একটি বাস যোগে ময়মনসিংহে গমন করে। ঘটনার প্রেক্ষিতে বিকেল ৪টায় বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক জরুরী সভা ভিসি অধ্যাপক এমাজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ঘটনার তীব্র নিন্দা করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হলে আইন-শৃঙ্খলা ভঙ্গের দায়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাস ঢাকার বাইরে নিয়ে যাওয়া যাবে না— এই সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়ারও সিদ্ধান্ত নেয়া হয়।